# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩০৩১

৫০/ কুরআন তাফসীর (كتاب تفسير القرآن عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সূরা আন-নিসা

بَابٌ: وَمِنْ سُورَةِ النِّسَاءِ

আরবী

حَدَّثَنَا مَحْمُودُ بْنُ غَيْلاَنَ، حَدَّثَنَا وَكِيعٌ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنِ الْبَرَاءِ بْنِ عَازِبٍ، قَالَ لَمَّا نَزَلَتْ : (لاَ يَسْتَوِي الْقَاعِدُونَ مِنَ الْمُؤْمِنِينَ ) جَاءَ عَمْرُو ابْنُ أُمِّ مَكْتُومٍ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم ـ قَالَ وَكَانَ ضَرِيرَ الْبَصَرِ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ مَا تَأْمُرُنِي إِنِّي ضَرِيرُ الْبَصَرِ فَأَنْزَلَ اللَّهُ تَعَالَى هَذِهِ الآيَةَ : ( غَيْرُ أُولِي الضَّرَرِ ) الآيَةَ . فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " ائْتُونِي بِالْكَتِفِ وَالدَّوَاةِ أَوِ اللَّوْحِ وَالدَّوَاةِ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَيُقَالُ عَمْرُو ابْنُ أُمِّ مَكْتُومٍ وَيُقَالُ عَبْدُ اللَّهِ ابْنُ أُمِّ مَكْتُومٍ وَهُوَ عَبْدُ اللَّهِ بْنُ زَائِدَةَ وَأُمُّ مَكْتُومٍ أُمُّهُ .

বাংলা

৩০৩১. মাহমূদ ইবন গায়লান (রহঃ) ...... বারা ইবন আযিব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, (لاَ يَسْتَوِي الْقَاعِدُونَ مِنَ الْمُؤْمِنِينَ) মু’মিনদের মধ্যে যারা গৃহে উপবিষ্ট তারা সমান নয় (৪ঃ ৯৫) এই আয়াত নাযিল হলে আমর ইবন উম্ম মাকতূম নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এলেন। তিনি ছিলেন অন্ধ। তিনি বললেনঃ ইয়া রাসূলাল্লাহ্! আমি তো অন্ধ। আমাকে আপনি কি নির্দেশ দেন? আল্লাহ্ তা’আলা তখন নাযিল করলেনঃ (غَيْرُ أُولِي الضَّرَرِ) তবে যারা অক্ষম তাদের কথা ভিন্ন ...... (৪ : ৯৪)।

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ দোয়াত ও কাঁধের মসৃণ হাড্ডি নিয়ে এস (বা বললেন) তখতী ও দোয়াত নিয়ে এস (এবং তা লিখে নাও)।

সহীহ, বুখারি ৪৫৯৩-৪৫৯৪, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৩০৩১ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান-সহীহ। আমর ইবন উম্ম মাকতুম রাদিয়াল্লাহু আনহু-এর নাম আবদুল্লাহ্ ইবন উম্ম মাকতূম বলেও কথিত আছে। ইনি হলেন আবদুল্লাহ্ ইবন যাইদা। উম্মু মাকতূম হল তাঁর মা-এর নাম।

## English

Narrated Al-Bara bin 'Azib:
"When the following was revealed: 'Not equal are those of the believers who sit (4:95)' 'Amr bin Umm Maktum came to the Prophet (ﷺ)." He said: "He was blind, so he said: 'O Messenger of Allah! What do you order me with? Indeed my vision is disabled.' So Allah [Most High] revealed this Ayah: 'Except those who are disabled.' So the Prophet (ﷺ) said: 'Bring me a shoulder bone and inkwell' - or 'Bring me a tablet and an inkwell.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38383

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন